

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০২০.২০-১১৯৯

তারিখ: ৩০ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: এক্সিট রি-এন্ট্রি ভিসাকে ফাইনাল এক্সিট ভিসার রূপান্তর করার সুযোগ রহিত প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব হতে প্রাপ্ত পত্র নং- ১৯.০২.৯৬৬২.৭০০.২০.০০১.১৭-
৩০৫৯; তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরবে কর্মরত কোন প্রবাসী এক্সিট রি-এন্ট্রি ভিসা গ্রহণ করে ছুটিতে নিজ দেশে গমনের পর উক্ত এক্সিট রি-এন্ট্রি ভিসাকে ফাইনাল এক্সিট ভিসায় রূপান্তর করার সুযোগ নেই মর্মে সৌদি ইমিগ্রেশন অফিস বরাতে Saudi Expatriate নামীয় অনলাইন পোর্টাল সূত্রে জানা গেছে। আরো জানানো হয়েছে যে, এক্সিট রি-এন্ট্রি ভিসা নিয়ে সৌদি আরব ত্যাগের পর সৌদি আরব ফেরৎ না আসলে অথবা নির্ধারিত সময়ের মধ্যে ফেরৎ না আসলে পরবর্তী তিন বছরের জন্য উক্ত প্রবাসী অন্য কোন নিয়োগকারীর কর্মভিসা নিয়ে সৌদি আরবে পুনরায় আগমন করতে পারবেন না। তবে পূর্ববর্তী নিয়োগকারি তার অনুকূলে নতুন কর্মভিসা ইস্যু করলে সেক্ষেত্রে অথবা উক্ত কর্মীর উপর নির্ভরশীল পরিবারের কোন সদস্যের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য নয়। উল্লেখ্য, কর্মরত থাকাকালে ছুটি নিয়ে সৌদি আরব ত্যাগ করতে হলে এক্সিট রি-এন্ট্রি ভিসা এবং চুক্তি শেষে অথবা চূড়ান্তভাবে সৌদি আরব ত্যাগ করতে হলে প্রবাসীদেরকে ফাইনাল এক্সিট ভিসা গ্রহণ করতে হয়-এটিই সৌদি আরবের প্রচলিত ইমিগ্রেশন ব্যবস্থা। এক্সিট রি-এন্ট্রি ভিসা/ফাইনাল এক্সিট ভিসা গ্রহণ ব্যতীত কোন প্রবাসীর সৌদি আরব ত্যাগের সুযোগ নেই।

এমতাবস্থায়, সৌদি আরবের জেদ্দা কনসুলেট হতে প্রাপ্ত পত্রের মর্মনুযায়ী বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা করা হলো।

মুহাম্মদ রেহান উদ্দিন
উপসচিব

ফোন: ০২-৪১০৩০২৪০

ইমেইল: dswelfare@probashi.gov.bd

বিতরণ:

- ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
- ২। প্রশাসক, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অফিস কপি

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)

বায়রা ভরন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২১/৩১৬

তারিখঃ ১৮/১১/২০২১

সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।

(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

বিতরণ- সদয় কার্যার্থে সম্মানিত সদস্য (সকল)

বায়রা (বায়রা নোটিশ বোর্ড, ই-মেইল, ওয়েবসাইট, হোয়াটসঅ্যাপস গ্রুপ)।

- সদয় জ্ঞাতার্থে:
- ১। মহাপরিচালক, বিএমইটি, কাকরাইল, ঢাকা।
 - ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৩। মাননীয় সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৪। জনাব মুহাম্মাদ রেহান উদ্দিন, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।